

যায়যায়দিন

তারিখ 27 FEB 2008
সংখ্যা ১০ অসাম ১৫

সি. প. ম. স.

রংপুর নর্দার্ন প্রাইভেট মেডিক্যাল কলেজ ও শেরপুর সেবা ইন্সটিটিউটে অনশন

রংপুর ও শেরপুর প্রতিনিধি

রংপুর নর্দার্ন প্রাইভেট মেডিক্যাল কলেজ হাসপাতালের স্ত্রীস্বামীরা ছয় দফা দাবিতে গতকাল মঙ্গলবার পাচ ঘণ্টা প্রতীক অনশন কর্মসূচি পালন করেছে। রংপুর-গঙ্গাচড়া সড়কের মেডিক্যাল পূর্ব গেট এলাকায় কলেজের সামনে দুপুর ১২টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই কর্মসূচি পালন করা হয়। অনশন চলাকালে তারা আজ বুধবার থেকে আমরণ অনশন কর্মসূচির ডাক দিয়েছে। শিক্ষার্থীরা জানান, শিক্ষা বর্ষের এক বছর পেরিয়ে গেলেও এখন পর্যন্ত কোনো রেজিস্ট্রেশন করা হয়নি। সেখানে নেই কোনো গভর্নিং বডি ও একাডেমিক কাউন্সিল। অথচ আগামী জুলাই থেকে ফার্স্ট প্রফেশনাল পরীক্ষা শুরু হবে। ওই পরীক্ষায় অংশ নিতে না পারলে তাদের শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়বে।

অনশনে বক্তব্য রাখেন কলেজের শিক্ষার্থীদের মধ্যে হাসানুজ্জামান, কে এস আতিকুর রহমান, আসমাউল হুসনা সূফতি, সেলিম রহমান, মিত প্রমুখ। তাদের দাবিগুলোর মধ্যে রয়েছে রেজিস্ট্রেশন ব্যবস্থা ত্বরান্বিত করা, গভর্নিং বডি ও একাডেমিক কাউন্সিল গঠন, ডেড বডি, ল্যাব, সরঞ্জাম, লাইব্রেরিকে বই সরবরাহ, হাসপাতালের কার্যক্রম ত্বরান্বিত করা, মারিভাবে অধ্যক্ষ ও শিক্ষক নিয়োগ প্রভৃতি।

তারা ২৪ ঘণ্টার মধ্যে তাদের দাবিগুলো মেনে নেয়া না হলে আজ বুধবার থেকে আমরণ অনশন কর্মসূচির ডাক দিয়েছে। এ ব্যাপারে নর্দার্ন প্রাইভেট মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. এম এ মজিদ বলেন, কিছুদিনের মধ্যেই স্ত্রীস্বামীদের রেজিস্ট্রেশনের কাজটি সম্পন্ন করা হবে। এ নিয়ে ওপর মহলে যোগাযোগ করা হচ্ছে।

শেরপুর সেবা ইন্সটিটিউটে অনশন এদিকে শেরপুর প্রতিনিধি জানান, হাউসকিপারের অপসারণের দাবিতে মঙ্গলবার শেরপুর সেবা ইন্সটিটিউটের শিক্ষার্থী নার্সরা অনশন কর্মসূচি পালন

করেছেন। পরে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও সিভিল সার্জনের হস্তক্ষেপে আন্দোলনকারীরা ধর্মঘট প্রত্যাহার করে নেয়। এ ঘটনায় হাওয়া বিজ্ঞ কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করে অনতিবিলম্বে রিপোর্ট পেশ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিষয়টির সূচ সমাধান করবে বলে জানা গেছে। জানা গেছে, ওই ইন্সটিটিউটের হাউসকিপার হান্সিয়ারা বেগম ছয় মাস আগে এখানে ডেপুটেশনে আসার পর থেকেই শিক্ষার্থীদের ওপর নানা অনিয়ম ও দুর্ব্যবহার শুরু করেন।